কলকাতা মাঠে নামার আগে যে বার্তা দিলেন লিটন

দুই হার ও দুই জয়ের পর কলকাতা নাইট রাইডার্সের সামনে মুম্বাই ইন্ডিয়ান্স। রোববার বিকাল ৪টায় ওয়াংখেড়ে স্টেডিয়ামে মুখোমুখি হবে দুদল।

কলকাতা এবার দলে নিয়েছে টাইগার ক্রিকেটার লিটন কুমার দাসকে। কিন্তু টুর্নামেন্টে এখনো অভিষেক হয়নি তার। দলের আগের ম্যাচগুলোতে ভালো করতে না পারায় মুম্বাইয়ের বিপক্ষে বাদ পড়তে পারেন দলটির আফগান ওপেনার রহমানউল্লাহ গুরবাজ। তার পরিবর্তে সুযোগ মিলতে পারে লিটনের।

আইপিএল অভিষেক হওয়ার সম্ভাবনা যখন প্রবল, ঠিক সেই সময় সামাজিক যোগাযোগমাধ্যমে একটি ছবি শেয়ার করেছেন লিটন। সেই ছবিতে লিটনকে কী যেন পরামর্শ দিচ্ছেন দলটির কোচ চন্দ্রকান্ত পণ্ডিত। সেই ছবির ক্যাপশনে লিটন লেখেন— ‘নাইট রাইডার্স আজ মুম্বাই ইন্ডিয়ান্সের বিপক্ষে মুখোমুখি হওয়ার জন্য প্রস্তুত!’

আসলেই কি মুম্বাইয়ের বিপক্ষে লিটনের অভিষেক হবে? পরিসংখ্যান অন্তত সেটার ইঙ্গিতই দিচ্ছে। ওপেনার রহমতউল্লাহ গুরবাজ মোটেই আশার প্রতিদান দিতে পারছেন না। এক ফিফটি বাদ দিলে ভালো শুরু এনে দিতে পারেননি বাকি ম্যাচগুলোতে। ব্যাট হাতে ধারাবাহিকভাবে ব্যর্থ আন্দ্রে রাসেলও। চার ম্যাচের একটিতে সর্বোচ্চ ৩৫ রান বাদ দিলে বাকি তিন ইনিংসেই সাজঘরে ফিরেছেন ১ অঙ্কের ঘরে। তবে কেন হটফর্মের লিটন সুযোগ পাবেন না— সমর্থকরা তো সেই প্রশ্ন তুলতেই পারেন।

শুধু গুরবাজ আর আন্দ্রে রাসেল কেন, কলকাতার বিদেশি বোলাররাও নেই ভালো ফর্মে। আসরের প্রথম দুই ম্যাচে ৬ ওভারে ৭৯ রান খরচ করা টিম সাউদিকে বসিয়ে সুযোগ দেওয়া হয় ফার্গুসনকে। কিউই পেসার অবশ্য খুব একটা পার্থক্য গড়তে পারেননি। দুই ম্যাচে ৬ ওভার হাত ঘুরিয়ে রান দিয়েছেন ৭৭। হায়দরাবাদের কাছে হারের দিনে সবচেয়ে খরুচে বোলার ছিলেন এই কিউই।

সূত্র: যুগান্তর

[redacted]

[redacted]

এদিকে সিরিজের দ্বিতীয় টি-টোয়েন্টি ম্যাচে আজ বাংলাদেশ সময় রাত ১০টায় আবারও মুখোমুখি হবে দুই দল।

সূত্র: ইত্তেফাক

সবচেয়ে দামি ক্রিকেট লিগ আয়োজনের পরিকল্পনা সৌদি আরবের

বর্তমানে বিশ্বের সবচেয়ে দামি ক্রিকেট লিগ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ (আইপিএল)। আইপিএলের চেয়েও দামি ক্রিকেট লিগ আয়োজনের পরিকল্পনা করছে সৌদি আরব। ইতোমধ্যে আইপিএলের মালিকপক্ষের সঙ্গে কথা বলেছে সৌদি সরকারের প্রতিনিধি দল। প্রস্তাবিত এই টুর্নামেন্টে ভারতের খেলোয়াড়েরা অংশ নিতে পারবেন কি না, সে বিষয়েও আলোচনা হয়েছে।

সাম্প্রতিক বছরগুলোতে খেলাধুলায় প্রচুর বিনিয়োগ করছে সৌদি আরব। ২০৩০ সালে ফুটবল বিশ্বকাপের যৌথ আয়োজক হতে চায় মরুর এই দেশটি। আর তাই আন্তর্জাতিকভাবে নিজেদের ইমেজ বাড়ানোর চেষ্টা করছে তারা। সৌদি আরবের ক্রিকেটে আগ্রহী হওয়ার খবরটি নিশ্চিত করেছেন আইসিসি চেয়ারম্যান গ্রেগ বার্কলে।

সৌদি আরবের বিনিয়োগ ক্রিকেটের প্রতি দেশটির তরুণদের আগ্রহ করে তুলবে বলে মনে করেন বার্কলে। তিনি বলেন, ‘তারা অন্য যেসব খেলার সঙ্গে জড়িত, সেসব দেখে বোঝা যায়, ক্রিকেটটা আগ্রহ তৈরি করবে। খেলাধুলায় তারা যেভাবে এগিয়ে আসার চেষ্টা করছে, তাতে ক্রিকেট সৌদি আরবের জন্য মানাসই হবে। খেলাধুলায় তারা বিনিয়োগ করতে আগ্রহী এবং আঞ্চলিকভাবে তাদের অবস্থান যেমন, তাতে ক্রিকেটই সম্ভাবনাময়।’

সূত্র: সিডনি মর্নিং হেরাল্ড

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এই দুই ক্রিকেটারকে পেছনে ফেলে ক্যারিয়ারে দ্বিতীয়বারের মতো ‘প্লেয়ার অব দ্য মান্থ’ জিতলেন বাংলাদেশের টি-টোয়েন্টি ও টেস্ট অধিনায়ক। সম্প্রতি ব্যাটে-বলে ছন্দে রয়েছেন সাকিব। ঘরের মাটিতে ইংল্যান্ডের বিপক্ষে ২-১ ব্যবধানে ওয়ানডে সিরিজ হারলেও ব্যাটে-বলে দারুণ পারফর্ম করেছিলেন সাকিব। বাংলাদেশের পক্ষে সর্বোচ্চ রান সংগ্রাহক ও উইকেট শিকারি ছিলেন তিনি। সিরিজের শেষ ম্যাচে ব্যাট হাতে ৭৫ রানের পাশাপাশি বল হাতে ৪ উইকেট নিয়ে ম্যাচসেরা হন সাকিব।

এরপর সাকিবের নেতৃত্বে টি-টোয়েন্টিতে ইংল্যান্ডকে হোয়াইটওয়াশ করে বাংলাদেশ। সেখানেও ব্যাট ও বল হাতে অবদান রাখেন এই অলরাউন্ডার। ইংল্যান্ড সিরিজের ফর্ম ধরে রাখেন আয়ারল্যান্ড সিরিজেও। সব মিলিয়ে মার্চ মাসে ১২ আন্তর্জাতিক ম্যাচে সাকিব ৩৫৩ রান এবং ১৫ উইকেট নেন সাকিব।

সূত্র: ইত্তেফাক

বাবরকে অধিনায়ক থেকে সরানোর অভিযোগে যা বললেন আফ্রিদি

বিতর্ক আর পাকিস্তান ক্রিকেট যেন একে অন্যের পিছু ছাড়তেই পারে না। এবার তো অধিনায়ক বাবর আজম আর সাবেক কিংবদন্তি শহীদ আফ্রিদিকে নিয়ে বিতর্ক উস্কে দিয়েছেন স্বয়ং পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সভাপতি নাজাম শেঠি। পিসিবি সভাপতি বলেছিলেন, আফ্রিদি নাকি বাবরকে অধিনায়কের পদ থেকে ছেঁটে ফেলতে চেয়েছিলেন। এদিকে নাজাম শেঠির এমন বক্তব্যের পরই আফ্রিদি অবশ্য জানিয়েছেন, পিসিবি সভাপতি তার কথা বলেননি।

একটি ইউটিউব চ্যানেলে নাজাম শেঠি বলেন, ‘আমরা দায়িত্ব নেওয়ার সময় একটি অন্তবর্তীকালীন নির্বাচন কমিটি করেছিলাম। নির্বাচকরা বোর্ডে আসার আগে, আমাদের তারা বলেছিলো কিছু পরিবর্তন করা দরকার এবং অধিনায়ক হিসেবে বাবরকে বদলাতে হবে।’ তবে নিয়োগ পাওয়ার পর নাকি বাবরের বদলির কোনও প্রয়োজন নেই, বলে বলেছিলো তারা, এমন

কথাও যোগ করেন শেঠি।

নাজাম শেঠির বক্তব্যের পর পাকিস্তানজুড়ে তুমুল সমালোচনার মুখে পড়েন আফ্রিদি। সমালোচনা বন্ধ করতে নিজের টুইটার অ্যাকাউন্ট থেকে দেওয়া এক টুইট বার্তায় আফ্রিদি জানান, আমি পিসিবি চেয়ারম্যান নাজাম শেঠির সঙ্গে কথা বলেছি। বাবর আজমের অধিনায়কত্বের বিষয়ে তিনি আমাকে ইঙ্গিত করে কিছু বলেননি। সামাজিক যোগাযোগমাধ্যমে তিনি তার অবস্থান পরিষ্কার করেছেন। এই আলোচনা তাই শেষ হয়ে গেছে। নিউজিল্যান্ড সিরিজের জন্য বাবর ও দলের জন্য শুভকামনা।

নাজাম শেঠিও সামাজিক যোগাযোগ মাধ্যমে বিষয়টি ব্যাখ্যা করে লিখেছেন, অনেক মাস ধরেই দেশের সংবাদমাধ্যম ও ক্রিকেট সংশ্লিষ্টদের অনেকেই সব সংস্করণে বাবরকে অধিনায়ক রাখা নিয়ে কথা বলছিল। আর যেহেতু এটা চেয়ারম্যানের সিদ্ধান্ত, তাই আমি শহীদ আফ্রিদি ও হারুন রশিদের নির্বাচক কমিটির কাছে তাদের মতামত জানতে চেয়েছিলাম।

সূত্র: ইত্তেফাক

টানা ৫ বলে ছক্কা মারা রিঙ্কুকে গান গাইতে বললেন শাহরুখ!

রিঙ্কু সিং কলকাতা নাইট রাইডার্সকে জেতালেন অবিশ্বাস্যভাবে। গুজরাট টাইটান্সের বিপক্ষে প্রবল চাপের মুখে শেষ পাঁচ বলে পর পর ছক্কা মেরে দুরন্ত জয় এনে দিয়েছেন দলকে।

সবাই যখন রিঙ্কুর ব্যাটিংয়ে সন্মোহিত, তখন চুপ শাহরুখ খান। ম্যাচের পর ক্রিকেটারদের অভিনন্দন জানাতে নাইটদের সাজঘরে গিয়েছিলেন শাহরুখ।

প্রায় সবার সঙ্গেই আলাদা করে কথা বলেছিলেন কেকেআর কর্ণধার। সেই সময় রিঙ্কুকে মজার ছলে গান গাইতে বলেছিলেন শাহরুখ।

বলিউড বাদশার অনুরোধ শুনে রিঙ্কু জানিয়েছিলেন, তিনি গান গাইতে পারেন না, কেবল ব্যাট চালাতে পারেন।

রশিদ খানের হ্যাটট্রিকে ম্যাচ থেকে কার্যত ছিটকেই গিয়েছিল কলকাতা নাইট রাইডার্স। যশ দয়ালের করা শেষ ওভারে তাদের প্রয়োজন ছিল ২৯ রান।

প্রথম বলে উমেশ যাদবের সিঙ্গেলের পর টানা পাঁচ বলে ছক্কা হাঁকিয়ে কলকাতাকে অবিশ্বাস্য এক জয় এনে দিলেন রিঙ্কু সিং। রোববার আহমেদাবাদের নরেন্দ্র মোদি স্টেডিয়ামে রোমাঞ্চকর রান তাড়ায় স্বাগতিক গুজরাট টাইটান্সকে তিন উইকেটে হারিয়েছে কলকাতা।

এবারের আইপিএলে তিন ম্যাচে এটি গুজরাটের প্রথম হার ও কলকাতার দ্বিতীয় জয়। টস জিতে ব্যাটিংয়ে নেমে সাই সুদর্শন (৩৮ বলে ৫৩) ও বিজয় শঙ্করের (২৪ বলে ৬৩*) ঝড়ো ফিফটিতে চার উইকেটে ২০৪ রানের বড় সংগ্রহই গড়েছিল হার্দিক পান্ডিয়াবিহীন গুজরাট।

জবাবে শুরুটা ভালো না হলেও ভেঙ্কুটেশ আয়ারের ৪০ বলে ৮৩ রানের টর্নেড ইনিংসে ঘুরে দাঁড়ায় কলকাতা। অধিনায়ক নিতিশ রানা ২৯ বলে করেন ৪৫ রান।

কিন্তু ১৬তম ওভারে ভেঙ্কটেশ-ঝড় থামার পর ১৭তম ওভারের প্রথম তিন বলে আন্দ্রে রাসেল, সুনীল নারিন ও শার্দুল ঠাকুরকে ফিরিয়ে ম্যাচের মোড় প্রায় ঘুরিয়েই দিয়েছিলেন রশিদ খান।

আইপিএলে আফগান স্পিনারের প্রথম হ্যাটট্রিক এটি। টি২০ ক্রিকেটে সবচেয়ে বেশি চারটি হ্যাটট্রিকের রেকর্ডও গড়লেন রশিদ। কিন্তু শেষ ওভারে টানা পাঁচ ছক্কায় পাশার দান উলটে দেন কলকাতার অবিশ্বাস্য জয়ের নায়ক রিঙ্কু সিং (২১ বলে ৪৮*)।

সূত্র: যুগান্তর

দিয়াবাতের হ্যাটট্রিকে বড় জয় মোহামেডানের

ফুটবল এবং ক্রিকেট মাঠে মোহামেডানের যাচ্ছেতাই অবস্থা। ক্রিকেটে হারতে হারতে জয়ের মুখ দেখেছে। ফুটবলেও ছিল একই অবস্থা। তবে একটু স্বস্তির খবর হচ্ছে গতকাল ফুটবল এবং ক্রিকেটে, দুই খেলাতেই জয় পেয়েছে মোহামেডান। তাদের জন্য অন্যরকম একটা দিন গেছে। বিকেএসপিতে প্রিমিয়ার ক্রিকেট লিগে মোহামেডান হারিয়েছে সিটি ক্লাবকে। আর প্রিমিয়ার ফুটবল লিগে মোহামেডান ৬-১ গোলে হারিয়েছে মুক্তিযোদ্ধা সংসদকে।

মোহামেডানের কোচ শফিকুল ইসলাম মানিককে লিগের প্রথম পর্বেই বিদায় করেছে মোহামেডান। তার কাছ থেকে রেজাল্ট পাচ্ছিল না এমন সব কথা ছড়িয়ে মানিককে সরিয়ে মানিকের সহকারী কোচ আলফাজ আহমেদকে দায়িত্ব দেওয়া হয়েছিল।

আলফাজ অনেক দিন ধরেই মোহামেডানে কাজ করছেন। এবার পুরোপুরি দায়িত্ব পালন করছেন মোহামেডানের এই সাবেক ফুটবলার। চ্যালেঞ্জ নিয়ে মাঠে নামেন। আলফাজকে সহযোগিতা করছেন ম্যানেজার ইমতিয়াজ আহমেদ নকিব, গোলকিপার কোচ ছাইদ হাসান কানন। আলফাজ কাল প্রথম ম্যাচে ভালোভাবেই উতরে গেলেন। কালকের জয়ে মোহামেডান এখন পাঁচ নম্বরে। চেষ্টা চলছে কীভাবে রেলিগেশন থেকে বাঁচা যায়।

৪১ দিন বিরতি দিয়ে শুক্রবারই শুরু হয়েছে প্রিমিয়ার ফুটবল লিগের ফিরতি পর্ব। আর গতকাল গোপালগঞ্জে শেখ ফজলুল হক মনি স্টেডিয়ামে ফিরতি পর্বে মোহামেডান নিজেদের প্রথম ম্যাচ খেলল। চতুর্থ জয় পেল। প্রথম পর্বে তিন জয় নিয়ে শেষ করেছিল। আর কাল প্রথম ম্যাচে জয় পাওয়া মোহামেডানের ঘরে আত্মবিশ্বাসটাও অনেক বেড়ে যাবে। হ্যাটট্রিক পেয়েছেন মালির ফুটবলার এবং অধিনায়ক সুলায়মান দিয়াবাতে। মুজাফফরভ, সাজ্জাদ এবং সানডে একটি করে গোল করেন। অথচ এই ম্যাচে আট মিনিটে আফ্রিকান ফুটবলার ডিজিংগাইয়ের গোলে এগিয়ে গিয়েছিল মুক্তিযোদ্ধা। ধরে নেওয়া হয়েছিল মোহামেডান শেষ। কিন্তু গোল হজমের পর মোহামেডানকে রুখতে পারেনি মুক্তিযোদ্ধা। আক্রমণে ঝাঁপায় সাদা কালো শিবির। ২২ মিনিটে সমতাসূচক গোল করেন অধিনায়ক দিয়াবাতে।

৩৫ মিনিটে আবার গোল করে দলকে এগিয়ে দেন দিয়াবাতে। ৪২ মিনিটে মুজাফফর গোল করে ৩-১ গোলের লিড এনে দেয় মোহামেডানকে। ৫৩ মিনিটে পেনাল্টিতে হ্যাটট্রিক করে দলকে ৪-১ গোলে এগিয়ে নেন অধিনায়ক সুলায়মান দিয়াবাতে। ৬৯ মিনিটে সানডের গোলে ৫-১ গোলের লিড পায় মোহামেডান। ম্যাচের ৮৪ মিনিটে মুক্তিযোদ্ধার কফিনে শেষ পেরেক্টি মারেন সাজ্জাদ।৬-১ গোলের দুর্দান্ত এক জয় নিয়ে মাঠ ছাড়ে মতিঝিলপাড়ার ঐতিহ্যবাহী দলটি।

১১ খেলায় চার জয় এবং তিন ড্রয়ে ১৫ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে মোহামেডান। অন্যদিকে মুক্তিযোদ্ধা ১১ খেলায় তিন জয় এক ড্রয়ে ১০ পয়েন্ট নিয়ে নবম স্থানে রয়েছে। দিনের অন্য ম্যাচে শেখ রাসেল ৩-১ গোলে হারায় পুলিশ এফসিকে।

সূত্র: ইত্তেফাক

সাকিবকে ছুঁলেন মুশফিক

আয়ারল্যান্ডের বিপক্ষে সদ্য শেষ হওয়া মিরপুর টেস্টের প্রথম ইনিংসে ১২৬ আর দ্বিতীয় ইনিংসে ৪৮ বলে ৫১ রানের অনবদ্য ইনিংস খেলেন মুশফিকুর রহিম।

তার এ দুর্দান্ত ইনিংসের সুবাদে আয়ারল্যান্ডের বিপক্ষে একমাত্র টেস্টে ৭ উইকেটে জয় পায় বাংলাদেশ। দলের জয়ে অবদান রেখে ম্যাচ সেরা হন জাতীয় দলের সাবেক অধিনায়ক মুশফিকুর রহিম।

টেস্টে আরেকবার ম্যাচ সেরা হয়ে মুশফিক ছুঁলেন বিশ্বসেরা অলরাউন্ডার সাকিব আল হাসানকে। তারা দুজনই বিকেএসপির ছাত্র। মুশফিক ছিলেন ওপরের ক্লাসে, সাকিব তাই ডাকেন ‘মুশফিক ভাই’।

এ নিয়ে টেস্টে ৬ বার ম্যান অব দ্য ম্যাচ হলেন মুশফিক। সমান ৬ বার ম্যাচ সেরা হয়েছেন জাতীয় দলের বর্তমান টেস্ট ও টি-টোয়েন্টি দলের অধিনায়ক সাকিব।

বাংলাদেশের হয়ে ৫৬ টেস্টে ৪ বার ম্যাচ সেরা হয়েছেন মুমিনুল হক সৌরভ, ৬১ টেস্টে ৩ বার ম্যাচ সেরা হয়েছেন মোহাম্মদ আশরাফুল, ৭০

টেস্টে ৩ বার ম্যাচ সেরা হন তামিম ইকবাল।

সূত্র: যুগান্তর

হাথুরুর সহকারী দক্ষিণ আফ্রিকার পোথাস

বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের সহকারী কোচ হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে দক্ষিণ আফ্রিকার সাবেক ক্রিকেটার নিক পোথাস। বৃহস্পতিবার (৬ এপ্রিল) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

নিক পোথাসের সঙ্গে দুই বছরের চুক্তি করেছে বিসিবি। ইংল্যান্ডের মাটিতে আয়ারল্যান্ডের বিপক্ষে তিন ম্যাচের ওয়ানডে সিরিজ দিয়েই কাজ শুরু করবেন ৪৯ বছর বয়সী এই কোচ। সহকারী ও ফিল্ডিং কোচ হিসেবেও কাজ করার অভিজ্ঞতা রয়েছে পোথাসের। সর্বশেষ ইংলিশ কাউন্টি হ্যাম্পশায়ারের উইকেটকিপিং কোচ ছিলেন তিনি।

বাংলাদেশ দলের দায়িত্ব পেয়ে বেশ খুশি পোথাস। তিনি বলেন, ‘বাংলাদেশ ক্রিকেটে কাজ করার সুযোগ পেয়ে আমি সম্মানিত বোধ করছি। বাংলাদেশ ক্রিকেটে প্রতিভার অভাব নেই। আমি বিশ্বাস করি আমাদের সামনে রোমাঞ্চকর কিছু বছর অপেক্ষা করছে।’

খেলোয়াড় হিসেবে দক্ষিণ আফ্রিকার হয়ে ৩টি আন্তর্জাতিক ওয়ানডে ম্যাচ খেলার অভিজ্ঞতা রয়েছে পোথাসের। তবে হ্যাম্পশায়ারের হয়ে দীর্ঘদিন কাউন্টি ক্রিকেট খেলেছেন তিনি। ২১৮টি প্রথম শ্রেণির ম্যাচে ২৪টি সেঞ্চুরি ও ৬১টি ফিফটিতে তার রান ১১৪৩৮।

সূত্র: ইত্তেফাক